গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
*http://www.dshe.gov.bd*

স্মারক নং : ৩৭.০২.০০০০.১০১.১২.০০৩.২১-২৩১৫১/৭

তারিখ : ০২/১২/২০২১ খ্রি.

বিষয় : সিস্টেম এনালিস্ট (গ্রেড-৫), প্রোগ্রামার (গ্রেড-৬), কম্পিউটার অপারেশন সুপারভাইজার (গ্রেড-৬), সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯), সিনিয়র কম্পিউটার অপারেটর (গ্রেড-৯) এর শূন্যপদে পদোন্নতির লক্ষ্যে ফিডার পদধারী প্রার্থীদের তথ্যাদি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সিস্টেম এনালিস্ট (গ্রেড-৫), প্রোগ্রামার (গ্রেড-৬), কম্পিউটার অপারেশন সুপারভাইজার (গ্রেড-৬), সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯), সিনিয়র কম্পিউটার অপারেটর (গ্রেড-৯) এর শূন্যপদে পদোন্নতির লক্ষ্যে ''মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর(কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২১'' এর শর্তানুযায়ী মাধ্যমিক ও উ.চ্চ শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন অফিস/শিক্ষা প্রতিষ্ঠানে রাজস্বখাতে কর্মরত প্রার্থীগণদের আগামী ১৯/১২/২০২১ তারিখের মধ্যে নিম্নোক্ত তথ্য/কাগজপত্র সংযুক্ত করে নির্ধারিত ছক পূরণপূর্বক ০৩ (তিন) প্রস্থ আবেদন প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে এ অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। পূরণকৃত তথ্যছক;
২। একই প্রতিষ্ঠানের একাধিক প্রার্থীর ক্ষেত্রে প্রত্যেকের তথ্য আলাদা আলাদা ছকে ও আলাদা আলাদা অগ্রায়নপত্রে প্রেরণ করতে হবে;
৩। সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকারি চাকরিতে প্রথম নিয়োগপত্র, যোগদানপত্র ও স্থায়ীকরণের কপি (সত্যায়িত);
৪। আত্মীকৃত কর্মচারীদের ক্ষেত্রে বেসরকারি নিয়োগপত্র, যোগদানপত্র, আত্মীকরণ, নিয়মিতকরণ ও স্থায়ীকরণের কপি (সত্যায়িত);
৫। প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিতদের ক্ষেত্রে প্রকল্পে নিয়োগপত্র, যোগদানপত্র, রাজস্বখাতে পদায়নের কপি, রাজস্বখাতে পদায়নের পর যোগদানপত্র, নিয়মিতকরণ ও স্থায়ীকরণের কপি (সত্যায়িত);
৬। শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের কপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);
৭। নিয়োগের পর উচ্চতর শিক্ষা গ্রহণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (সত্যায়িত);
৮। চাকুরি সন্তোষজনক কিনা এবং বিভাগীয়/ফৌজদারী/দুদকের মামলা সংক্রান্ত প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র;
৯। বিগত ০৫ বছরের (২০১৬-২০২০) এসিআর; (০১ সেট মুলকপি ও ০২ সেট ফটোকপি গালাসীলকৃত খামে থাকবে);
১০। প্রযোজ্য ক্ষেত্রে বর্তমান পদে পদোন্নতির আদেশ ও যোগদানের কপি (সত্যায়িত);
১১। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত মুলসার্ভিস বহির ০১ সেট ফটোকপি (মুল সার্ভিস বহি প্রেরণ করার প্রয়োজন নাই);
১২। নির্দিষ্ট তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং প্রেরণ করলে পদোন্নতির জন্য বিবেচিত হবে না;
১৩। আবেদনের সাথে প্রেরিত তথ্যাদি চাহিত তথ্যের সিরিয়াল মোতাবেক সংযুক্ত করে প্রেরণ করতে হবে;
১৪। বর্ণিত সমুদয় কাগজপত্র/তথ্যাদি প্রতিষ্ঠান প্রধানের নামাঙ্কিত সীলমোহর দ্বারা অবশ্যই সত্যায়িত করে প্রেরণ করতে হবে;
১৫। অগ্রায়নপত্রে স্বাক্ষরের সাথে অবশ্যই প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর থাকতে হবে।

02/12/2021

(বিপুল চন্দ্র বিশ্বাস)
উপ-পরিচালক (সা: প্র:)
ফোন- ০২২২৩৩৫১০৪৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/প্রশিক্ষণ/পরিকল্পনা ও উন্নয়ন/অর্থ ও ক্রয়/মনিটরিং এন্ড ইভ্যালুয়েশান), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/পরিচালক, এইচএসটিটিআই (সকল)।
০৩। অধ্যক্ষ, সরকারি কলেজ/টিটিসি (সকল)।
০৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি(মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৭। সংরক্ষণ নথি।

# তথ্যছক

(সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামার, কম্পিউটার অপারেশন সুপারভাইজার, সহকারী প্রোগ্রামার, সিনিয়র কম্পিউটার অপারেটর পদে পদোন্নতির আবেদনকারী এ তথ্যছক ব্যবহার করবেন)

মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের নাম:

অফিস/প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর:

| ক্রমিক নং | কর্মচারীর নাম, জন্ম তারিখ ও বর্তমান পদবী | শিক্ষাগত যোগ্যতা ও শিক্ষাগত যোগ্যতা অর্জনের তারিখ | অর্জিত অভিজ্ঞতা, তারিখসহ পদের নাম | প্রারম্ভিক পদের নাম এবং উক্ত পদে যোগদানের তারিখ (সুপারিশের ক্রমানুসারে) | প্রযোজ্য ক্ষেত্রে বিভাগীয়/ প্রফেশনাল পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার তারিখ | প্রকল্পে নিয়োগপ্রাপ্ত হয়ে থাকলে প্রকল্পে যোগদানের তারিখ ও পদের নাম | প্রকল্পে নিয়োগপ্রাপ্তদের ক্ষেত্রে কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণের তারিখ , নিয়মিতকরণের প্রামাণিক দালিল এবং ডকুমেন্টসসহ | প্রকল্পের পদ রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদে নিয়োগের তারিখ | এডহক নিয়োগপ্রাপ্ত হলে এডহক নিয়োগের তারিখ (পদের নামসহ) | এডহক নিয়োগ কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণের তারিখ এবং প্রামাণ্য বিধির উল্লেখসহ | আত্মীকৃত প্রার্থীর ক্ষেত্রে পূর্বের চাকরির প্রকৃতি, পদের নাম, চাকুরির কালানুক্রমিক ও আত্মীকরণের তারিখ | ফিডার পদে বাস্তব/ প্রকৃত যোগদানের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ০১ | | | | | | | | | | | | | |

বি:দ্র: ভুল তথ্য প্রেরণের জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

প্রস্তুতকারীর স্বাক্ষর

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও নামসহ সীল

02/12/2021